# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৪৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এক রাকাআত সালাত পড়া জায়েয নেই, তার কথা অপনোদনে হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الصَّلَاةَ رَكْعَةٌ وَاحِدَةٌ غَيْرُ جَائِزٍ

---

আরবী

1449 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا يَحيَى بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: حَدَّثَنِي الْأَشْعَثُ بْنُ سُلَيْمٍ عَنِ الْأَسْوَدِ بْنِ هِلَالٍ عَنْ ثَعْلَبَةَ بْنِ زَهْدَمٍ قَالَ: كُنَّا مَعَ سَعِيدِ بْنِ الْعَاصِ بِطَبَرِسْتَانَ فَقَالَ: أَيُّكُمْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ؟ فَقَالَ حُذَيْفَةُ: أَنَا قَالَ: فَقَامَ حُذَيْفَةُ فصفَّ النَّاسَ خلفه صفين: صفاً خلفه وصفاً موازياً الْعَدُوِّ فَصَلَّى بِالَّذِينَ خَلْفَهُ رَكْعَةً ثُمَّ انْصَرَفَ هَؤُلَاءِ مَكَانَ هَؤُلَاءِ وَجَاءَ أُولَئِكَ فَصَلَّى بِهِمْ رَكْعَةً ولم يَقْضُوا.
الراوي : ثَعْلَبَة بْن زَهْدَمٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1449 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪৪৯. সা‘লাবা বিন যাহদাম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা সা‘ঈদ বিন আস রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে তাবারাস্তানে ছিলাম, তখন তিনি বলেন, “তোমাদের মাঝে কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সালাতুল খওফ বা ভীতিকালিন সালাত আদায় করেছেন?” তখন হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আমি পড়েছি।” রাবী বলেন, “তারপর হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু দাঁড়ান এবং তাঁর পিছনে লোকদেরকে কাতারবন্দি করেন আরেক দলকে শত্রুর মুখোমুখি দাঁড় করান। তারপর যারা তাঁর পিছনে ছিলেন, তাদের নিয়ে তিনি এক রাকাআত সালাত আদায় করেন। তারপর তারা ঐ দলের কাছে যান, যারা শত্রুর মুখোমুখি ছিলেন অতঃপর তারা এসে এক রাকাআত সালাত আদায় করেন। তারপর তারা আর বাকী সালাত আদায় করেননি।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৪৩; আবূ দাউদ: ১২৪৬; নাসাঈ: ৩/১৬৮; সুনান বাইহাকী: ৩/২৬১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪২৪৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৬১; মুসনাদ আহমাদ: ৫/৩৮৫; তাহাবী: ১/৩১০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা'লাবাহ্ ইবনু যাহদাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90764

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন